

পরীক্ষা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা কাল, ৫২০ আসনে পরীক্ষার্থী ২০১১২

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৭ ফেব্রুয়ারি ২০২৫, ১১: ৫৮



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ‘সি’ ইউনিট বিজনেস স্টাডিজ অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামীকাল শুক্রবার (২৮ ফেব্রুয়ারি)। এবারের পরীক্ষায় ৫২০টি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবেন ২০ হাজার ১১২ জন শিক্ষার্থী। প্রতি আসনের জন্য লড়বেন ৩৯ জন ভর্তিচ্ছু। ‘সি’ ইউনিটের এ পরীক্ষা দুই শিফটে অনুষ্ঠিত হবে। প্রথম শিফটে সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা এবং দ্বিতীয় শিফটে দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

এদিন তিন শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফট সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা এবং দ্বিতীয় শিফট দুপুর ১২টা থেকে বেলা ১টা এবং বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত এ পরীক্ষা হবে।

চার বছর পর নিজস্ব পদ্ধতির ভর্তি পরীক্ষায় ফিরেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। পরীক্ষার মোট নম্বর ১০০। এর মধ্যে ৭২ নম্বরের পরীক্ষা হবে বহুনির্বাচনি ও লিখিত প্রশ্নের। বহুনির্বাচনি পরীক্ষায় থাকবে ২৪ নম্বর আর লিখিত অংশের জন্য থাকবে ৪৮ নম্বর। এ ছাড়া এসএসসি ও এইচএসসি জিপিএ-এর ভিত্তিতে যথাক্রমে ১২ ও ১৬ নম্বর গণনা করা হবে।

